



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

স্মারক নং: সিশিবো/পনি/সনদ/২১/২০১৬/১৪৬

তারিখ : ১৬/০৫/২০১৭ খ্রি.

প্রেরক : পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক : সিলেট বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত কলেজের অধ্যক্ষগণ এবং মাধ্যমিক শাখায়ুক্ত কলেজের অধ্যক্ষগণ।

বিষয় : ২০১৬ সালের এইচ এস সি পরীক্ষার মূল সনদপত্র বিতরণ প্রসঙ্গে।

২০১৬ এর উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) পরীক্ষার সনদপত্র নিম্নলিখিত সময়সূচি মোতাবেক অত্র শিক্ষা বোর্ড এর সনদ শাখা (৩য় তলা, কক্ষ নম্বর : ৩০৬) হতে বিতরণ করা হবে। তাই তাঁর প্রতিষ্ঠানে উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মূল সনদপত্র ব্যক্তিগতভাবে গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


প্রকাশ থাকে যে, প্রতিষ্ঠান প্রধান এর ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি/গভর্নিংবডি'র সভাপতি কর্তৃক তাঁর স্বাক্ষর প্রতিষ্ঠানের প্যাডে অবশ্যই সত্যায়িত করে সঙ্গে আনতে হবে। প্রতিনিধি প্রেরণের ক্ষেত্রে প্রতিষ্ঠানের প্যাডে প্রতিনিধির নমুনা স্বাক্ষর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত করে প্রেরণ করতে হবে। স্বাক্ষর সত্যায়ন ব্যতিত কোন অবস্থাতেই মূল সনদপত্র প্রদান করা হবে না। বোর্ড হতে এ ব্যাপারে কোন টিএ / ডিএ প্রদান করা হবে না।

২০১৬ সালের এইচ এস সি পরীক্ষার মূল সনদপত্র বিতরণের সময়সূচী

ক্রমিক	তারিখ	জেলা	বিতরণ সংক্রান্ত বিবরণ
০১	২১/০৫/২০১৭ খ্রিঃ	সিলেট	সিলেট জেলার অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান সমূহ
০২	২৩/০৫/২০১৭খ্রিঃ	হবিগঞ্জ	হবিগঞ্জ জেলার অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান সমূহ
০৩	২৫/০৫/২০১৭খ্রিঃ	সুনামগঞ্জ	সুনামগঞ্জ জেলার অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান সমূহ
০৪	২৮/০৫/২০১৭খ্রিঃ	মৌলভীবাজার	মৌলভীবাজার জেলার অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান সমূহ

বিঃ দ্র : সত্যায়ন পত্রে প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর সংযুক্ত করার জন্য অনুরোধ করা হল।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

অবগতি ও কার্যার্থে :

১. সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড - কে বোর্ডের web site -এ পত্রটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৩. নোটিশ বোর্ড।
৪. সংরক্ষণ নথি।